গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/২০৭ তারিখ: ১৪.০৮.২০২৫ খ্রি.

**বিষয়: ২০২৫ সালের ৬ষ্ঠ থেকে ১০ম এবং ১১শ ও সমমান শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীদের মধ্যে অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ।**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৫ সালের ৬ষ্ঠ থেকে ১০ম এবং ১১শ ও সমমান শ্রেণিতে উপবৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীদের মধ্যে ৪৫% এর কম নম্বর প্রাপ্তি, ৭৫% এর কম ক্লাসে উপস্থিতি, বিবাহিত ও অন্যান্য কারণে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আগামী ৩১.০৮.২০২৫ তারিখের মধ্যে HSP-MIS সফটওয়্যারে স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয় করার ক্ষেত্রে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

***উল্লেখ্য, নিষ্ক্রিয় করার ক্ষেত্রে শতভাগ নিশ্চিত হয়ে শিক্ষার্থী নিষ্ক্রিয় করতে হবে; একবার নিষ্ক্রিয় করা হলে পুনরায় উক্ত শিক্ষার্থীকে সক্রিয় করার কোন সুযোগ থাকবে না। এছাড়াও HSP-MIS সফটওয়্যারে ১২শ ও সমমান শ্রেণির শিক্ষার্থীদের তথ্য নিষ্ক্রিয় করার প্রয়োজন নেই।

২। **শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন করে নিষ্ক্রিয় করার নিয়মাবলী-**

২.১: HSP-MIS এর URL (লিংক): hsp.pmeat.gov.bd/HSP-MIS/login
২.২: মেনুবার "উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী" বাটনে ক্লিক করুন;
২.৩: "শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তন" বাটনে ক্লিক করে শ্রেণি নির্বাচন করে 'খুজুন' বাটনে ক্লিক করুন;
২.৪: যে সকল শিক্ষার্থী অযোগ্য হবে তাদের নামের পাশে "সম্পাদন" (কলম আইকন) বাটনে ক্লিক করুন;
২.৫: "শিক্ষার্থীর বর্তমান স্ট্যাটাস" অপশনে ড্রপডাউন বক্সে 'নিষ্ক্রিয়' অপশন সিলেক্ট করুন;
২.৬: স্ট্যাটাস পরিবর্তনের কারণ যেমন- ক) ৪৫% এর কম নম্বর প্রাপ্তি, খ) ৭৫% এর কম ক্লাসে উপস্থিতি, গ) বিবাহিত অথবা ঘ) অন্যান্য কারণ নির্বাচন করতে হবে;
২.৭: পরবর্তীতে মন্তব্যের ঘরে নিষ্ক্রিয়করণের সুনির্দিষ্ট কারণ উল্লেখ করতে হবে;
২.৮: সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৩। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বর্ণিত বিষয়টি অনতিবিলম্বে অবহিতকরণসহ অযোগ্য শিক্ষার্থী নিষ্ক্রিয়করণ কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে অথবা অযোগ্য শিক্ষার্থীর নিকট উপবৃত্তির অর্থ প্রেরিত হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

১৪/০৮/২৫
**(মোহাম্মদ আসাদুল হক)**
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর ও অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা।
০৫। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ।

HSP File New(25)-157

০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উপজেলা উপদেষ্টা কমিটি, সকল উপজেলা।

০৭। জনাব ................................................., উপপরিচালক/ সহকারী পরিচালক/ প্রোগ্রামার/ গবেষণা কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার/ হিসাবরক্ষণ কর্মকর্তা/ ডকুমেন্টেশন কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।

০৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৯। জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা।

১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

১১। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (HSP-MIS সফটওয়্যারে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নিষ্ক্রিয়করণ অপশন উন্মুক্ত করার অনুরোধসহ)।

১৩। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে পত্র প্রকাশের অনুরোধসহ)।

১৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি**
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নম্বর- এইচএসপি/সামাজিক নিরাপত্তা কর্মসূচি/২১৩/২০২৪/১১৪ তারিখ: ০৪.০৫.২০২৫ খ্রি.

**বিষয়: HSP-MIS সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচি হতে নির্বাচিত সুবিধাভোগী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফিসহ অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে HSP-MIS সফটওয়্যার ব্যবহার করা হয়।

০২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক HSP-MIS সফটওয়্যারে ইউজার প্রোফাইলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সঠিক তথ্য এবং মোবাইল নম্বর আপডেট করার পর HSP-MIS এ লগইন করার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো-

ক) www.pmeat.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করুন। মেনুবারের **"ই-সেবা"** বক্সে ক্লিক করে HSP-MIS (ষষ্ঠ-দ্বাদশ) অপশন সিলেক্ট করুন; অথবা HSP-MIS এর URL (লিংক): hsp.pmeat.gov.bd/HSP-MIS/login ব্যবহার করুন।

খ) HSP-MIS এর লগইন পেইজে সঠিক EIIN NO/ইউজার আইডি, পাসওয়ার্ড এবং ক্যাপচা প্রদান করে লগইন বাটনে ক্লিক করুন। লগইন এ ক্লিক করলে HSP-MIS সফটওয়্যারের ইউজার প্রোফাইলে প্রদত্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরে সংক্রিয়ভাবে ০১ টি OTP যাবে। HSP-MIS সফটওয়্যারের নির্ধারিত স্থানে OTP টি প্রদান করে যাচাই বাটনে ক্লিক করে লগইন করুন।

**০৩। অপরদিকে, পাসওয়ার্ড ভুলে গেলে অথবা পাসওয়ার্ড এর মেয়াদ শেষ হয়ে গেলে করণীয়-**

ক) পাসওয়ার্ড ভুলে গেলে অথবা পাসওয়ার্ড এর মেয়াদ শেষ হয়ে গেছে মর্মে লগইন পেইজে মেসেজ প্রদর্শিত হলে HSP-MIS সফটওয়্যারের লগইন পেইজে "পাসওয়ার্ড ভুলে গেছেন" বাটনে ক্লিক করুন।

খ) সঠিক ইউজার নেইম/EIIN NO প্রদান করে OTP Send বাটনে ক্লিক করুন।

গ) পরবর্তীতে HSP-MIS সফটওয়্যারে ইউজার প্রোফাইলে প্রদত্ত মোবাইল নম্বরে সংক্রিয়ভাবে প্রেরিত OTP প্রদান করে সফটওয়্যারে প্রদর্শিত নির্দেশনা মোতাবেক নতুন ০১ টি পাসওয়ার্ড তৈরি করে নতুন পাসওয়ার্ড ও একই পাসওয়ার্ড কনফার্ম পাসওয়ার্ড হিসাবে প্রদান করে সংরক্ষণ বাটনে ক্লিক করুন।

ঘ) তৈরিকৃত নতুন পাসওয়ার্ড ব্যবহার করে অত্র পত্রের ২ (খ) এর নির্দেশনা অনুযায়ী HSP-MIS এ লগইন করুন।

০৪। উল্লেখ্য, HSP-MIS সফটওয়্যারে ৫ (পাঁচ) বারের বেশি ভুল পার্সওয়াড দিয়ে লইগন করার চেষ্টা করলে উক্ত ইউজার **স্বয়ংক্রিয় ভাবে 'লক' হয়ে যাবে।** লককৃত ইউজার সর্বনিম্ন ১ (এক) ঘন্টা সময়ের মধ্যে আর লগইন করার চেষ্টা করতে পারবে না। সর্বনিম্ন ১ (এক) ঘন্টা সময় অতিবাহিত হওয়ার পর পুনরায় সঠিক পার্সওয়াড দিয়ে লগইন করতে পারবে।

০৫। আরও উল্লেখ্য যে, HSP-MIS সফটওয়্যারে লগইন করার সময় সংশ্লিষ্ট ইউজারের মোবাইল নম্বরে প্রেরিত OTP নম্বর ৫ (পাঁচ) বারের বেশি ভুল প্রদান করে লগইন করার চেষ্টা করলে উক্ত ইউজার HSP-MIS সফটওয়্যারে **স্বয়ংক্রিয় ভাবে নিষ্ক্রিয় হয়ে যাবে।** সে ক্ষেত্রে উক্ত ইউজার পরবর্তীতে HSP-MIS এ লগইন করতে পারবে না।

০৪/০৫/২৫

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

HSP File New(25)-98

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।

০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।

০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (পত্রের আলোকে HSP-MIS এ যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।

০৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।

১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।

১২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।

১৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান)।

১৪। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৫। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (HSP-MIS সফটওয়্যারে নোটিশ বোর্ডে প্রকাশ করার অনুরোধসহ)।

১৬। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।